জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ বাংলাদেশ
NATIONAL SKILLS DEVELOPMENT AUTHORITY BANGLADESH

# এনএসডিএ বার্তা

বিশ্ব যুব দক্ষতা দিবস ২০২৩ বিশেষ সংখ্যা

## বিভিন্ন দেশ ও প্রতিষ্ঠানের সাথে সমঝোতা

## দক্ষতা বাড়াতে বাংলাদেশ ও সুইজারল্যান্ডের মধ্যে সমঝোতা



চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে সুইস কনফেডারেশনের প্রেসিডেন্ট অ্যালেন বেরেস্ট ও বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

বাংলাদেশে দক্ষতা প্রশিক্ষণের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ ও সুইজারল্যান্ড একটি সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষর করেছে যা বিশেষ করে মেডিকেল ও আইটি সেক্টর থেকে সুইজারল্যান্ডে দক্ষ কর্মী রপ্তানির সুযোগ বাড়াবে।

গত ১৪ জুন, ২০২৩ সুইস কনফেডারেশনের প্রেসিডেন্ট অ্যালেন বেরেস্ট ও বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার মধ্যে একটি বৈঠকের পর প্যালাইস ডেস নেশনসের দ্বিপাক্ষিক বৈঠক কক্ষে এই চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানের আয়োজন করা হয়। জাতিসংঘে সুইজারল্যান্ড ও বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি জুর্গ লাউবার এবং সুফিউর রহমান নিজ নিজ দেশের পক্ষে 'জ্ঞান বিনিময় ও দক্ষতা বৃদ্ধি' শীর্ষক সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

[সূত্র: বাসস]

## ওয়েস্টার্ন অস্ট্রেলিয়া ও বাংলাদেশের মধ্যে শিক্ষা বিষয়ক পারস্পরিক সহযোগিতা

উন্নয়ন সেক্টরে কর্মীদের বিদ্যমান চ্যালেঞ্জগুলো মোকাবেলা এবং সম্ভাবনার বিষয়ে ওয়েস্টার্ন অস্ট্রেলিয়া এবং বাংলাদেশের একসাথে কাজ করার বিষয়ে ওয়েস্টার্ন অস্ট্রেলিয়ার উচ্চ পর্যায়ের এক প্রতিনিধিদলের সাথে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ)-এর গোলটেবিল বৈঠক অনুষ্ঠিত হয়।

১ জুন, ২০২৩ এনএসডিএ সভাকক্ষে স্ট্রাটেজি ডিপার্টমেন্টের নির্বাহী পরিচালক মি. ব্রাড জোলির নেতৃত্বে ওয়েস্টার্ন অস্ট্রেলিয়া ও বাংলাদেশের মধ্যে একটি গোল টেবিল বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে সভাপতিত্ব করেন জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান (সচিব) নাসরীন আফরোজ। বৈঠকে বাংলাদেশের কারিগরি শিক্ষা এবং দক্ষতা সম্পর্কিত একটি সংক্ষিপ্ত বিবরণী উপস্থাপন করা হয়। এ উপস্থাপনার ওপর উন্মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়। পরবর্তীতে গোলটেবিল বৈঠকে উন্নয়ন সেক্টরে কর্মীদের বিদ্যমান চ্যালেঞ্জগুলো মোকাবেলা এবং সম্ভাবনা নিয়ে আলোচনা হয়।



মি. ব্রাড জোলির নেতৃতে ওয়েস্টার্ন অস্ট্রেলিয়ার উচ্চ পর্যায়ের প্রতিনিধিদলকে স্বাগত জানান এনএসডিএর নির্বাহী চেয়ারম্যান (সচিব) নাসরীন আফরোজ

বৈঠকে আলোচকগণ ডিপার্টমেন্ট অব ট্রেনিং এন্ড ওয়ার্কফোর্স, ওয়েস্টার্ন অস্ট্রেলিয়া এবং জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ, বাংলাদেশ-এর কারিগরি শিক্ষা ও দক্ষতা সম্পর্কিত বিষয়ে পারস্পরিক সহযোগিতার গুরুত্ব তুলে ধরেন।

# আইএলও স্কিলস টুয়েন্টিওয়ান প্রজেক্টের প্রতিনিধিদের বিএনকিউএফ অবহিতকরণ

গত ১৫ মে ২০২৩ নির্বাহী চেয়ারম্যান (সচিব)-এর সভাপতিত্বে ILO Skills 21 Project-এর প্রতিনিধিদের পক্ষ থেকে Bangladesh National Qualification Framework (BNQF) সম্পর্কে এনএসডিএ-এর কর্মকর্তাদের অবহিত করার জন্য একটি ব্রিফিং সেশনের আয়োজন করা হয়। আইএলও'র সহায়তায় টিএমইডি কর্তৃক প্রণয়নকৃত বাংলাদেশ ন্যাশনাল কোয়ালিফিকেশন ফ্রেমওয়ার্ক-এর অবহিতকরণ ও পরবর্তীতে করণীয় বিষয়ে সভায় আলোচনা করা হয়।



# কর্মশালা আয়োজন

## ১. স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে দক্ষতা প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের ভূমিকা শীর্ষক কর্মশালা

৭ মে ২০২৩ বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ অডিটরিয়মে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ শক্তিশালীকরণ প্রকল্পের আওতায় 'স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে দক্ষতা প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের ভূমিকা' শীর্ষক কর্মশালার আয়োজন করা হয়।




স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে দক্ষতা প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের ভূমিকা শীর্ষক কর্মশালা

কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের (বিডা) নির্বাহী চেয়ারম্যান জনাব লোকমান হোসেন মিয়া (সিনিয়র সচিব)। কারিগরি শিক্ষা অধিদপ্তরের তৎকালীন মহাপরিচালক (অতিরিক্ত সচিব) ও বর্তমানে বিসিএস প্রশিক্ষণ একাডেমির রেক্টর (সচিব) ড. মোঃ ওমর ফারুক এবং জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মোঃ শহীদুল আলম এনডিসি বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান (সচিব) নাসরীন আফরোজ। সূচনা বক্তব্য রাখেন এনএসডিএ-এর সদস্য (অতিরিক্ত সচিব) জনাব কামরুন নাহার সিদ্দীকা। কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের সার্বেক নির্বাহী চেয়ারম্যান (সচিব) জনাব দুলাল কৃষ্ণ সাহা।

কর্মশালায় সরকারের বিভিন্ন মন্ত্রণালয়, দপ্তর/সংস্থার প্রতিনিধি, এনজিও প্রতিনিধি, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের কর্মকর্তা, শিল্প দক্ষতা পরিষদ এবং এনসডিএ-এর নিবন্ধিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।

## ২. ‘স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে দক্ষ জনশক্তি’ শীর্ষক কর্মশালা

২৪ মে ২০২৩ বাংলাদেশ পর্যটন কর্পোরেশনের শৈলপ্রপাত হলরুমে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের উদ্যোগে ‘স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে দক্ষ জনশক্তি’ শীর্ষক কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় প্রধান অতিথির আসন অলংকৃত করেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব ড.মহিউদ্দীন আহমেদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্রের (বিটাক) মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব আনোয়ার হোসেন চৌধুরী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান (সচিব) নাসরীন আফরোজ।

উল্লেখ্য, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১২ ডিসেম্বর ২০২২ স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের বিষয়টি উল্লেখ করেন। মূলত বাংলাদেশকে একটি জ্ঞানভিত্তিক অর্থনীতি ও উদ্ভাবনী জাতি হিসেবে গড়ে তুলতেই সরকারের এই পরিকল্পনা। স্মার্ট বাংলাদেশ গড়ার চারটি ভিত্তি হলো, স্মার্ট নাগরিক, স্মার্ট অর্থনীতি, স্মার্ট সরকার, ও স্মার্ট সমাজ। কর্মশালায় সরকারের বিভিন্ন মন্ত্রণালয়, দপ্তর/সংস্থার প্রতিনিধি, এনজিও প্রতিনিধি, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের কর্মকর্তা, শিল্প দক্ষতা পরিষদের সদস্যসহ এনসডিএ-এর নিবন্ধিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।



কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব ড. মহিউদ্দীন আহমেদ

# প্রচার-প্রচারণা

## শুরু হচ্ছে ‘এনএসডিএ ক্যারিয়ার শো’

পেশায় দক্ষতা অর্জনের সুফল, পেশা সম্পর্কিত প্রচলিত নেতিবাচক ধারণা দূরীকরণসহ যুব সমাজকে বৈচিত্র্যময় পেশায় উদ্বুদ্ধকরণে প্রচার কার্যক্রমের লক্ষ্য নিয়ে নির্মিত হয়েছে টেলিভিশন অনুষ্ঠান ‘এনএসডিএ ক্যারিয়ার শো’। প্রথমিকভাবে চাহিদাসম্পন্ন ৬টি অকুপেশন ফ্যাশন ডিজাইনিং, কেয়ারগিভার, ওয়েল্ডিং, বিউটি এন্ড ওয়েল বিং, ফ্রিল্যান্সিং এবং ভিডিও এডিটিং নিয়ে এই অনুষ্ঠান নির্মাণ করা হয়।





‘এনএসডিএ ক্যারিয়ার শো’-এর শুটিংয়ে এনএসডিএ-এর নির্বাহী চেয়ারম্যান (সচিব) নাসরীন আফরোজ-এর সাথে আলোচনারত ক্রিয়েটিভ মিডিয়া স্কিলস কাউন্সিলের চেয়ারম্যান শমী কায়সার। অনুষ্ঠানটি উপস্থাপনা করেন হাসান আবিদুর রেজা জুয়েল

পর্বসমূহে পেশায় সফলদের কথা, সংশ্লিষ্ট পেশার গুরুত্ব, ইন্ডাস্ট্রির চাহিদা, দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের তথ্য, নিয়োগদাতার পছন্দ ইত্যাদি বিষয় উঠে এসেছে। অংশীজনেরা সংশ্লিষ্ট পেশা সম্পর্কে পরিষ্কার ধারণা লাভ করবেন এবং একইসাথে এনএসডি-এর কার্যক্রম সম্পর্কেও অবহিত হতে পারবেন। জুলাই মাস থেকে এনএসডিএ ক্যারিয়ার শো প্রচার হবে। অনুষ্ঠানটি উপস্থাপনা করেন হাসান আবিদুর রেজা জুয়েল।

## বিশ্ব যুব দক্ষতা দিবস প্রচারণায় পোস্টার প্রকাশ

বিশ্ব যুব দক্ষতা দিবস ২০২৩ সফলভাবে উদ্‌যাপনের লক্ষ্যে র‍্যালি, আলোচনাসভা ও প্রচার প্রচারণার জন্য আকর্ষণীয় পোস্টার প্রকাশ করা হয় এবং জেলা প্রশাসকের কার্যালয়সহ দেশব্যাপী বিভিন্ন দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানসমূহে বিতরণ করা হয়।




## নির্মিত হলো আরও একটি বিজ্ঞাপনচিত্র

বিদেশ গমনেচ্ছু যুবদের দক্ষতার সুফল সম্পর্কে অবহিতকরণ, যুবদের দক্ষতা প্রশিক্ষণে আগ্রহী করে তোলা এবং দক্ষতা প্রশিক্ষণ সম্পর্কে বিরাজমান সামাজিক নেতিবাচক ধারণা দূরীকরণে এনএসডিএ কর্তৃক আরও একটি বিজ্ঞাপনচিত্র নির্মাণ করা হয়। দেশের সকল শ্রেণির দর্শকের প্রিয় অভিনেতা আবুল হায়াত এবং এসময়ের জনপ্রিয় অভিনেতা সাইদুর রহমান পাভেল বিজ্ঞাপনচিত্রে প্রধান দুটি চরিত্রে অভিনয় করেন। সম্প্রতি মানিকগঞ্জে এর শুটিং সম্পন্ন হয়।

উল্লেখ্য, বিজ্ঞাপনচিত্রটির গল্প ভাবনা এনএসডিএ-এর সদস্য (প্রশাসন ও অর্থ) ও সরকারের অতিরিক্ত সচিব কামরুন নাহার সিদ্দীকা এবং পরিচালনা শাহীন সরকার। দেশের টেলিভিশন এবং ওটিটি প্ল্যাটফর্মে বিজ্ঞাপনচিত্রটি প্রচারিত হচ্ছে।

# এনএসডিএ শক্তিশালীকরণ প্রকল্পের কার্যক্রম

## রাজশাহী বিভাগে জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি, ২০২২ অবহিতকরণ কর্মশালা অনুষ্ঠিত

২৬ মে ২০২৩ রাজশাহী বিভাগীয় কমিশনারের কার্যালয়ে জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি, ২০২২ অবহিতকরণ কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় প্রধান অতিথি ছিলেন জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান (সচিব) নাসরীন আফরোজ। কর্মশালায় সভাপতিত্ব করেন বিভাগীয় কমিশনার (অতিরিক্ত সচিব) জনাব জিএসএম জাফরউল্লাহ্ এনডিসি। কর্মশালায় রাজশাহী বিভাগের সকল জেলা প্রশাসক, বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, জনপ্রতিনিধি, সমাজসেবী এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তি উপস্থিত ছিলেন।



কর্মশালায় বক্তব্য রাখছেন এনএসডিএ-এর
সম্মানীত নির্বাহী চেয়ারম্যান (সচিব) নাসরীন আফরোজ

কর্মশালা শেষে এনএসডিএ-এর নির্বাহী চেয়ারম্যান নাসরীন আফরোজ রাজশাহী মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র পরিদর্শন করেন এবং কেন্দ্রের ক্যাম্পাসে বৃক্ষ রোপণ করেন।




রাজশাহী মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের চত্বরে বৃক্ষরোপণ করেন
জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান (সচিব) নাসরীন আফরোজ

## রাজশাহী জেলায় জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি, ২০২২ অবহিতকরণ কর্মশালা অনুষ্ঠিত

২৬ মে ২০২৩ রাজশাহী জেলা প্রশাসকের কার্যালয়ে জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি, ২০২২ অবহিতকরণ কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় মুখ্য আলোচক ছিলেন এনএসডিএ-এর সদস্য (অতিরিক্ত সচিব) জনাব কামরুন নাহার সিদ্দীকা। সভাপতিত্ব করেন, জনাব শামীম আহমেদ, জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী। কর্মশালায় জেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, জনপ্রতিনিধি এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তি উপস্থিত ছিলেন।

## মৌলভীবাজারে জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি, ২০২২ অবহিতকরণ কর্মশালা অনুষ্ঠিত



কর্মশালায় বক্তব্য রাখছেন এনএসডিএ-এর সদস্য (যুগ্মসচিব)
জনাব আলিফ রুদাবা

১৪ জুন ২০২৩ মৌলভীবাজার জেলা প্রশাসকের কার্যালয়ে জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি, ২০২২ অবহিতকরণ কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় মুখ্য আলোচক ছিলেন এনএসডিএ-এর সদস্য (যুগ্মসচিব) জনাব আলিফ রুদাবা। সভাপতিত্ব করেন, ড. উর্মি বিনতে সালাম, জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার। কর্মশালায় জেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, জনপ্রতিনিধি এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তি উপস্থিত ছিলেন।

## মাগুরায় জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি, ২০২২ অবহিতকরণ কর্মশালা অনুষ্ঠিত



কর্মশালায় বক্তব্য রাখছেন এনএসডিএ-এর সদস্য (যুগ্মসচিব) জনাব মোঃ জোহর আলী

১৫ জুন ২০২৩ মাগুরা জেলা প্রশাসকের কার্যালয়ে জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি, ২০২২ অবহিতকরণ কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় মুখ্য আলোচক ছিলেন এনএসডিএ-এর সদস্য (যুগ্মসচিব) জনাব মোঃ জোহর আলী। সভাপতিত্ব করেন, জনাব মোহাম্মদ আবু নাসের বেগ, জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, মাগুরা। কর্মশালায় জেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, জনপ্রতিনিধি এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তি উপস্থিত ছিলেন।

## মানিকগঞ্জে জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি, ২০২২ অবহিতকরণ কর্মশালা অনুষ্ঠিত



গত ০৯ মে, ২০২৩ মানিকগঞ্জ জেলা প্রশাসকের কার্যালয়ে জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি, ২০২২ অবহিতকরণ কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় মুখ্য আলোচক ছিলেন এনএসডিএ-এর পরিচালক (প্রশাসন) ও উপসচিব জনাব জেসমীন আক্তার। সভাপতিত্ব করেন জনাব মুহাম্মদ আব্দুল লতিফ, জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, মানিকগঞ্জ। কর্মশালায় জেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, জনপ্রতিনিধি এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তি উপস্থিত ছিলেন।

## নীলফামারী জেলায় জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি, ২০২২ অবহিতকরণ কর্মশালা অনুষ্ঠিত

২১ জুন ২০২৩ নীলফামারী জেলার জেলা প্রশাসকের কার্যালয়ে জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি, ২০২২ অবহিতকরণ কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় মুখ্য আলোচক ছিলেন এনএসডিএ-এর সদস্য ও সরকারের





অতিরিক্ত সচিব জনাব কামরুন নাহার সিদ্দীকা। সভাপতিত্ব করেন নীলফামারী জেলার জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট জনাব পঙ্কজ ঘোষ। কর্মশালায় জেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, জনপ্রতিনিধি এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তি উপস্থিত ছিলেন।



এনএসডিএ-এর সদস্য ও সরকারের অতিরিক্ত সচিব জনাব কামরুন নাহার সিদ্দীকা ২১ জুন ২০২৩ নীলফামারী জেলার টেকনিক্যাল ট্রেনিং সেন্টার (টিটিসি) পরিদর্শন করেন। এ সময় তিনি টিটিসি'র চলমান প্রশিক্ষণ নিয়ে সংশ্লিষ্টদের সাথে আলোচনা করেন।

## রচনা প্রতিযোগিতা-২০২৩

তরুণ প্রজন্মকে দক্ষতা কার্যক্রমে উদ্বুদ্ধকরণ কর্মশালা এবং রচনা প্রতিযোগিতা-২০২৩ এর পুরস্কার বিতরণী অনুষ্ঠান। আজকের তরুণ-তরুণী আগামীর নেতৃত্ব, উন্নত দেশ গঠন ও সমৃদ্ধ অর্থনীতির প্রাণশক্তি। তাই, তারুণ্যের ভাবনায় ভবিষ্যৎ বাংলাদেশকে দেখা ও জানার জন্য জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আয়োজন করেছিল এই রচনা প্রতিযোগিতা। গত ৩০ মার্চ ২০২৩ তারিখে দুইটি ক্যাটাগরিতে বিজয়ী মোট ২১ জনকে পুরস্কৃত করা হয়। প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব জনাব মোহাম্মদ সালাহ উদ্দিন বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।



# দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান নিবন্ধন প্রদান অব্যাহত





এনএসডিএ-এর অন্যতম প্রধান কাজ হলো দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানসমূহকে এনএসডিএ-এর আওতায় নিবন্ধন প্রদান করা। চলমান এ প্রক্রিয়ায় বিভিন্ন দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান এনএসডিএ বরাবর জাতীয় দক্ষতা পোর্টাল (এনএসপি)-এর মাধ্যমে আবেদন দাখিল করে। এনএসডিএ-এর কর্মকর্তা ও আইএসসি-এর একজন প্রতিনিধি নিয়ে গঠিত পরিদর্শন টিম আবেদনকারী প্রশিক্ষণ প্রতিষ্ঠান সরেজমিন পরিদর্শনপূর্বক এনএসপি-এর মাধ্যমে প্রতিবেদন দাখিল করে। পরিদর্শন প্রতিবেদনের আলোকে কর্তৃপক্ষের সভায় প্রশিক্ষণ প্রতিষ্ঠানের অনুমোদন প্রদান করা হয়। এ পর্যন্ত মোট ৪৪৭টি দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানকে এনএসডিএ'র অধীনে নিবন্ধন প্রদান করা হয়েছে।

## কোর্স অ্যাক্রিডিটেশন ও অ্যাসেসমেন্ট সেন্টার স্বীকৃতি

এনএসডিএ-এর অধীনে নিবন্ধিত দক্ষতা প্রশিক্ষণ প্রতিষ্ঠানগুলো তাদের সক্ষমতার নিরিখে কোর্স অ্যাক্রিডিটেশন এবং অ্যাসেসমেন্ট সেন্টার নিবন্ধনের জন্য ন্যাশনাল স্কিলস পোর্টালের মাধ্যমে আবেদন করলে এনএসডিএ কর্তৃক গঠিত পরিদর্শন টিম সরেজমিন পরিদর্শন করে সুপারিশসহ প্রতিবেদন দাখিল করলে কোর্স অ্যাক্রিডিটেশন ও অ্যাসেসমেন্ট সেন্টার হিসেবে নিবন্ধন প্রদান করা হয়। বর্তমানে দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানসমূহ জাতীয় দক্ষতা পোর্টালের মাধ্যমে নিবন্ধনের আবেদনের সাথে কোর্স ও অ্যাসেসমেন্ট সেন্টারের আবেদন দাখিল করতে পারে। এ পর্যন্ত ২৩২টি প্রতিষ্ঠানকে বিভিন্ন ট্রেডে কোর্স পরিচালনার স্বীকৃতি প্রদান করা হয়েছে। এছাড়াও ২০৭টি প্রতিষ্ঠানকে বিভিন্ন অকুপেশনে অ্যাসেসমেন্ট সেন্টার পরিচালনার স্বীকৃতি প্রদান প্রদান করা হয়েছে।

## প্রশিক্ষণার্থী অ্যাসেসমেন্ট কার্যক্রম অব্যাহত

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের সমন্বয় ও অ্যাসেসমেন্ট অনুবিভাগ এনএসডিএ অধীনে নিবন্ধিত সরকারি, বেসরকারি, ব্যক্তিমালিকানাধীন এবং এনজিও কর্তৃক পরিচালিত দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানে প্রশিক্ষণার্থীদের মানসম্মত প্রশিক্ষণ নিশ্চিতকরণ এবং নির্দিষ্ট মেয়াদের প্রশিক্ষণ শেষে সনদায়নের লক্ষ্যে অ্যাসেসমেন্ট পরিচালনা করে থাকে। এনএসডিএ-এর কোর্স ও কারিকুলাম অনুযায়ী এ পর্যন্ত ৫,২৪৭ জন প্রশিক্ষণার্থীর অ্যাসেসমেন্ট সম্পন্ন হয়েছে যার মধ্যে ৩,৭৩৫ জন কম্পিটেন্ট ও সনদপ্রাপ্ত হয়েছেন। গুণগত মান বজায় রেখে অ্যাসেসমেন্ট কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য ৪৩৩ জন অ্যাসেসর ও ২৩২ জন ট্রেইনারের পুল গঠন করা হয়েছে।



প্রশিক্ষণার্থী অ্যাসেসমেন্ট কার্যক্রম



অ্যাসেসর ও ট্রেইনারের পুল গঠনের জন্য আবেদনকারীদের পরীক্ষা গ্রহণ

## গুণগত প্রশিক্ষণ নিশ্চিতকরণে এনএসডিএ

দক্ষতা উন্নয়নে গুণগত ও মানসম্পন্ন প্রশিক্ষণের বিকল্প নেই। এনএসডিএ শুরু থেকেই প্রশিক্ষণের গুণগত মান নিশ্চিত করতে বদ্ধপরিকর। জাতীয় ও আন্তর্জাতিক বাজারে দক্ষ জনবলের চাহিদা এবং চতুর্থ শিল্পবিপ্লবের সাথে সামঞ্জস্যপূর্ণ অকুপেশনের অগ্রাধিকার তালিকা প্রণয়নপূর্বক দক্ষতা প্রশিক্ষণের গুণগত মান নিশ্চিত করার লক্ষ্যে অভিজ্ঞতাসম্পন্ন বিশেষজ্ঞ ও পরামর্শক কর্তৃক ১৯১টি অকুপেশনে কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড (সিএস) ও কোর্স অ্যাক্রিডিটেশন ডকুমেন্ট (সিএডি), ৫৬টি কম্পিটেন্সি বেজড কারিকুলাম (সিবিসি) ও ৩৬টি কম্পিটেন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়ালস (সিবিএলএম) প্রণয়ন করা হয়েছে এবং এ কার্যক্রম অব্যাহত আছে।



অ্যাসেসমেন্ট কার্যক্রম পরিচালনার জন্য মানসম্মত অ্যাসেসমেন্ট টুলস প্রণয়ন করা একটি চ্যালেঞ্জিং কাজ। সমন্বয় ও অ্যাসেসমেন্ট অনুবিভাগ কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড অনুযায়ী শ্রমবাজারের চাহিদার ভিত্তিতে বিভিন্ন অকুপেশনের লেভেলভিত্তিক অ্যাসেসমেন্ট টুলস প্রণয়ণ করে। কর্মশালার মাধ্যমে এনএসডিএ-এর পরামর্শকগণ এবং বিভিন্ন সেক্টরের এক্সপার্টগণ রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত থেকে লিখিত, ব্যবহারিক ও মৌলিক অভীক্ষার প্রশ্নপত্র, স্বমূল্যায়ন ডকুমেন্ট প্রণয়নসহ প্রশ্নব্যাংক অর্থাৎ অ্যাসেসমেন্ট টুলস তৈরির কাজ করেন। ইতোমধ্যে এনএসডিএ কর্তৃক ১০৪টি অ্যাসেসমেন্ট টুলস প্রণয়ন করা হয়েছে।

# ন্যাশনাল স্কিলস পোর্টাল (এনএসপি)

দেশীয় ও আন্তর্জাতিক শ্রমবাজারে দক্ষ জনশক্তির চাহিদা ও যোগান, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের অধীনে দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান নিবন্ধন, প্রশিক্ষণার্থীদের সনদায়ন ও দক্ষতা সনদপ্রাপ্তদের তথ্য, কোর্স এক্রিডিটেশন, পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি-সংক্রান্ত যাবতীয় তথ্য, শিক্ষানবিশি, আইএসসি-সংক্রান্ত তথ্যসহ দেশের সামগ্রিক দক্ষতা ব্যবস্থাপনা নিয়ে একটি জাতীয় স্কিলস পোর্টাল (এনএসপি) তৈরির কাজ প্রায় শেষ পর্যায়ে। স্কিলস পোর্টাল কম্পোজিট ও মডিউল আকারে তৈরি হবে যেখানে যে কোনো অংশীজন রেজিস্ট্রেশন ও লগইনের মাধ্যমে পোর্টালে প্রয়োজনীয় তথ্য আপলোড এবং আউটপুটের সুবিধা পাবে।




উল্লেখ্য যে, পলিসি, স্ট্র্যাটিজি ও গাইডলাইন, ইন্ডাস্ট্রি স্কিলস কাউন্সিল (আইএসসি), রিসার্চ এন্ড স্টাডিজ, লাইভ জব অপরচুনিটিস, ট্রেনিং লার্নিং ম্যাটেরিয়ালস, স্কিলস ট্রেনিং প্রোভাইডারস রেজিস্ট্রেশন, কোর্স অ্যাক্রিডিটেশন, অ্যাসেসমেন্ট সেন্টার অ্যাক্রিডিটেশন, ইন্স্ট্রাক্টর এন্ড অ্যাসেসর, ট্রেনিং এমপ্লয়মেন্ট গ্রাজুয়েট ট্র্যাকিং, প্রোগ্রাম এন্ড প্রজেক্ট, অ্যাসেসমেন্ট এন্ড সার্টিফিকেশন, ওভারসিজ এমপ্লয়মেন্ট, মনিটরিং এন্ড ইভ্যাল্যুয়েশন, ইভেন্টস এবং ফাইন্যান্সিং মডিউলের সমন্বয়ে এনএসপি তৈরি হচ্ছে।

## জাতীয় মানবসম্পদ উন্নয়ন তহবিল (এনএইচআরডিএফ) বিতরণের কাজ শুরু

দেশের বিপুলসংখ্যক জনগোষ্ঠীকে শিক্ষা ও কর্মমুখী প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনসম্পদে পরিণত করার লক্ষ্যে সরকার জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮ এর আওতায় প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীনে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) গঠন। এছাড়াও জাতীয় ও আন্তর্জাতিক বাজারের ক্রমবর্ধমান চাহিদা অনুযায়ী দক্ষ মানবসম্পদ গড়ে তুলতে প্রয়োজনীয় ক্ষেত্রে আর্থিক অনুদান প্রদানের লক্ষ্যে সরকার জাতীয় মানবসম্পদ উন্নয়ন তহবিল (এনএইচআরডিএফ) গঠন করেছে এবং "জাতীয় মানবসম্পদ উন্নয়ন তহবিল ব্যবহার নীতিমালা, ২০১৯" জারি করেছে। এনএইচআরডিএফ ব্যবহার নীতিমালা, ২০১৯ অনুযায়ী ১২ ধরণের প্রতিষ্ঠান/কার্যক্রম যেমন সরকারি/বেসরকারি দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান, শিল্প দক্ষতা পরিষদ, শিল্প সংগঠন, যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধিত এনজিও, অনুমোদিত সেন্টার অফ এক্সিলেন্স, দক্ষতা উন্নয়নের সাথে সম্পর্কিত গবেষণা ও উদ্ভাবন কাজে সম্পৃক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান, পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি প্রদান কার্যক্রমের সাথে সম্পৃক্ত দক্ষতা প্রদানকারী প্রতিষ্ঠান/শিল্পপ্রতিষ্ঠান, শিক্ষানবিশি (অ্যাপ্রেন্টিসশিপ) কার্যক্রমে সম্পৃক্ত শিল্প দক্ষতা পরিষদ/শিল্প সমিতি/শিল্পসমূহ, আন্তর্জাতিকভাবে স্বনামধন্য সনদায়ন প্রতিষ্ঠান, দক্ষতা কাজে সম্পৃক্ত ব্যক্তি এ তহবিল হতে অর্থ বরাদ্দ প্রাপ্তির জন্য আবেদন করতে পারে।

প্রথমবারের মতো শুধু দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানগুলোকে এ তহবিল হতে অর্থ সহায়তা প্রদানের জন্য জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক গত ২ এপ্রিল ২০২৩ পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে ২৫৩টি আবেদন জমা পড়ে। আবেদনসমূহ ধাপে ধাপে যাচাইবাছাই করে এনএইচআরডিএফ দপ্তরে প্রেরণ করা হচ্ছে। যাচাইবাছাই সম্পন্ন করে ইতোমধ্যে ৭টি প্রতিষ্ঠানের সঙ্গে চুক্তি স্বাক্ষরের কার্যক্রম সম্পন্ন হয়েছে।

# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় দক্ষতা প্রতিযোগিতা, ২০২৩

ওয়ার্ল্ড স্কিলস লিও ২০২৪-এ অংশগ্রহণের জন্য বাংলাদেশে থেকে প্রতিযোগী বাছাইয়ের জন্য দক্ষ যুবদের অন্বেষণ কার্যক্রম শুরু হয়েছে। এ লক্ষ্যে এনএসডিএ 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় দক্ষতা প্রতিযোগিতা, ২০২৩' আয়োজন করেছে। দেশের যে কোনো প্রান্তের প্রতিযোগীদের অংশগ্রহণের সুবিধার্থে প্রতিযোগিতাটি কয়েকটি পর্যায়ে অনুষ্ঠিত হবে। বিশ্ব দক্ষতা প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য প্রাথমিক বাছাই পর্ব এবং চূড়ান্ত পর্বে অংশগ্রহণের মধ্য দিয়ে প্রতিযোগীকে যোগ্যতার প্রমাণ দেখাতে হবে।





## বিভিন্ন জেলার প্রাক-বাছাই কার্যক্রম

প্রতিযোগীদের ব্যাপক অংশগ্রহণ নিশ্চিত করতে এ সম্বলিত একটি বিজ্ঞাপনচিত্র নির্মাণ করে দেশের জনপ্রিয় ও শীর্ষস্থানীয় একাধিক টিভি চ্যানেলে প্রচার করা হয়। এছাড়াও, বিজ্ঞাপনচিত্রটি এনএসডিএ ওয়েবসাইট, সোশ্যাল মিডিয়া এবং এটুআইয়ের তিনটি ওয়েব পোর্টালের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করা হয়।

ইতোমধ্যে ১৩টি অকুপেশনে জেলাভিত্তিক প্রাক-বাছাই কার্যক্রম সম্পন্ন হয়েছে। আগামী আগস্ট-সেপ্টেম্বর ২০২৩ নাগাদ বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। বিভাগীয় পর্যায়ের নির্বাচিত প্রতিযোগীরা জাতীয় প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ পাবে। জাতীয় পর্যায়ের বিজয়ীরা আগামী ২০২৪ সালে ফ্রান্সের লিওতে অনুষ্ঠেয় 'ওয়ার্ল্ড স্কিলস কম্পিটিশন'-এ অংশ নেবার সুযোগ পাবে।

# বিশ্ব যুব দক্ষতা দিবস উদ্‌যাপন

বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও প্রতিবছর ১৫ জুলাই বিশ্ব যুব দক্ষতা দিবস উদ্‌যাপিত হয়ে আসছে। ইউনিসেফ-ইউনিভোক কর্তৃক এ বছর বিশ্ব যুব দক্ষতা দিবসের প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে 'Skilling teachers, trainers and youth for a transformative future' যার বাংলা ভাবার্থ করা হয়েছে 'পরিবর্তনশীল আগামীর জন্য দক্ষতা'। বাংলাদেশে দিবসটি উদ্‌যাপনের জন্য বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এ দিবসের প্রতিপাদ্যকে উপজীব্য করে ১৫ জুলাই পত্রিকায় বিশেষ ক্রোড়পত্র প্রকাশিত হবে। ১৬ জুলাই বিনিয়োগ ভবন থেকে বর্ণাঢ্য র‍্যালি আগারগাঁওয়ের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করবে এবং র‍্যালি শেষে বিনিয়োগ ভবন মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হবে। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে মাননীয় পরিকল্পনা মন্ত্রী জনাব এম. এ. মান্নান এমপি, বিশেষ অতিথি হিসেবে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ জাহিদ আহসান রাসেল এমপি ও সম্মানীয় অতিথি হিসেবে এফবিসিসিআই সভাপতি জনাব মোঃ জসিম উদ্দিন উপস্থিত থাকবেন।

জাতিসংঘ ঘোষিত এই দিবসের মূল উদ্দেশ্য বিশ্বের তরুণদের বিভিন্ন দক্ষতায় দক্ষ হয়ে ওঠার আহ্বান জানানো এবং ভবিষ্যতের বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবিলায় দক্ষ যুবকদের গুরুত্বপূর্ণ ভূমিকা তুলে ধরা। এছড়া, দক্ষতা প্রশিক্ষণ জনপ্রিয় করা এবং দক্ষতা সম্পর্কে সামিজিক নেতিবাচক ধারণা দূরিকরণে এ দিবস উদ্‌যাপন তাৎপর্যপূর্ণ ভূমিকা রাখবে।

WYSD
WORLD YOUTH SKILLS DAY

**চলমান রয়েছে এনএসডিএ-এর গবেষণা কার্যক্রম**

চতুর্থ শিল্পবিপ্লব এবং অন্যান্য সম্ভাব্য পরিবর্তনের প্রেক্ষাপট বিবেচনায় গবেষণা, জরিপ ও সমীক্ষার মাধ্যমে দেশীয় ও আন্তর্জাতিক শ্রমবাজারের ভবিষ্যৎ দক্ষতার চাহিদা নিরূপণ, স্কিলস গ্যাপ নির্ধারণ এবং দক্ষতা চাহিদার পূর্বাভাস প্রদান করার লক্ষ্যে গবেষণা কার্যক্রম চলমান রয়েছে।